

তারিখ
 পৃষ্ঠা ২ কলাম ১

**শিক্ষক কর্মচারীদের জানুয়ারির
বেতনভাতার সরকারী
অংশ মঞ্জুর**

স্টাফ রিপোর্টার ॥ সরকার কারিগরি বেসরকারী এসএসসি (জোকেশনাল) ও এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা) এবং বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানসমূহের (স্কুল, কলেজ ও মাদ্রাসা) শিক্ষক কর্মচারীদের জানুয়ারি ২০০২ সালের বেতনভাতার সরকারী অংশ মঞ্জুর করেছে। তবে বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশন সদস্যদের আগে ফেব্রুয়ারি মাসের বেতনভাতা প্রদানের ও দাবি জানিয়েছে।

জানা গেছে, বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষক কর্মচারীদের জন্য ১২৫ কোটি ১ লাখ ৪২ হাজার ৭২৭ টাকা ২৮ পয়সা মঞ্জুর করতে সরকার সম্মত হয়েছে। কারিগরি বেসরকারী এসএসসি (জোকেশনাল) ও এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা) এর ক্ষেত্রে ১ কোটি ২৫ লাখ ৫০ হাজার ৪০৬ টাকা ৬৬ পয়সা মঞ্জুর করা হয়। বিভাগওয়াবি এ টাকার বিভাজন শিক্ষা মন্ত্রণালয়ের এক প্রজ্ঞাপনের মাধ্যমে সংশ্লিষ্টদের জানানো হয়েছে। চট্টগ্রাম ও সিলেট বিভাগের জন্য জনতা ব্যাংক প্রধান কার্যালয়, ঢাকা বিভাগের জন্য অগ্রাধী ব্যাংক প্রধান কার্যালয়, ঝরনা ও বরিশাল বিভাগের জন্য ঝরনা ব্যাংক প্রধান কার্যালয় এবং রাজশাহী বিভাগের জন্য সোনালী ব্যাংক প্রধান কার্যালয় ঢাকার মাধ্যমে বিভাগওয়াবি মনুদিক্ত অর্ধের বিভাজন করা হয়।